

ওয়েস্টগেট কারাগারের ভিতরে একদিন...
এই যে বইপোকা, তোমার ১৫ বছরের অভ্যাস ছেড়ে দিলে? ক'দিন লাইব্রেরিতে দেখছি না যে তোমাকে!
LIBRARY HOURS
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
১৫ বছর ধরে দেখছি তোমাকে। কোনও বই বাদ দাও না। সেই তুমি...
?
ধরে নিন, বইয়ে যা খুঁজতাম তা পেয়ে গিয়েছি।
নতুন গল্প : বইপোকা থেকে সাবধান


বইপোকা, তোমার কারাবাসের মেয়াদ শেষ। অন্ধকার জীবনে আর পা দিও না।
না স্যার। ভুলেও আর অসৎসঙ্গে জড়াব না আমি।
এসো গুরু।
জলদি এটা লুকোও।
কী মাল এটা?
একটা বই। জেল-লাইব্রেরি থেকে চুরি করেছি।
6-17
King Features Syndicate, Inc. World rights reserved.


জানাডুতে...
ম্যানড্রেক, টিভি-র খবরটা শুনলে?
কুখ্যাত অপরাধী বইপোকা মুক্তি পেয়েছে জেল থেকে। সে বলেছে, আর কোনও অসংকার্য করবে না মুক্ত জীবনে।
অতঃপর অসৎসঙ্গ এড়িয়ে চলবে সে।
বইপোকা
ও কি সত্যি বলছে?
দেখা যাক।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


রাতে, শহরের এক কুখ্যাত পাড়ায়...
ভিতরে এসো বইপোকা। 'কিউ বল' তোমার অপেক্ষায়।
স্বাগতম বইপোকা। খবরে শুনলাম, তুমি নাকি অসৎসঙ্গ পরিহার করার প্রতিজ্ঞা করেছ?
আর সেটা তুমি বিশ্বাস করছ নাকি কিউ বল?
?!
6-19
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কত বাঘা বাঘা গুন্ডাকে লাগিয়েছি ম্যানড্রেককে খুন করতে। সবই ব্যর্থ।
খুনের চেষ্টা হয়েছে বাইরে, জানাডুতেও। কিস্যু হয়নি।
এবার হবে।
উপায় পেয়েছি আমি।
কী উপায়? বলো বলো?
6-21
©2008 by King Features Syndicate, Inc. World rights re
খুনের চক্রান্ত


গভীর রাতে অপরাধ জগতের চাঁই কিউ বলের সঙ্গে বইপোকার বৈঠক....
কিউ বল, জোর দিয়ে বলছি, এ বার...
...আর রেহাই পাবে না ম্যানড্রেক।
বইপোকা, তুমি তো ১৫ বছর জেলে ছিলে। ওই সময়টাতে ম্যানড্রেককে খতমের...
..চেষ্টা করেছে বাঘা বাঘা গুন্ডা। কিন্তু প্রতিবারই বেঁচে গিয়েছে ও।
6-23
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


যারা ব্যর্থ হয়েছে, তারা সকলেই ভেবেছিল জানাড়ুর বাইরেই ম্যানড্রেককে খতম করবে।
'আসলে এই জাদুকরের বৈশিষ্ট্য সে আগেই বিপদটা আঁচ করতে পারে।'
'বিশেষ ক্ষমতায় ম্যানড্রেক অদৃশ্য হয়ে যেতে পারে।'
আরে গেল কোথায়?
?
6-24
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওর সঙ্গী তথা দেহরক্ষী লোথারটাও সাংঘাতিক লোক।
অসীম শক্তিশালী লোথার, একাই একটা সেনাদল।
!
6-25
ওদের জোড়া অস্ত্র— ম্যানড্রেকের জাদু আর লোথারের ঘুঁষি। ওই দুই অস্ত্রেই ম্যানড্রেকের কেশস্পর্শ করতে পারে না কেউ।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



জানাড়ুর ভিতরে হামলা চালালেই হয়।
অসম্ভব।
কোনও মতে প্রধান ফটক পেরোতে পারলেও পাহাড়ি রাস্তার প্রতি পদে ফাঁদ। কেউই ঢুকতে পারে না।
বইপোকা, তুমিই বলছ ম্যানড্রেককে খতম করা অসম্ভব। আবার তুমিই বলছ ওকে মেরে ফেলবেই। কী ভাবে?
উপায় আছে এই বইয়ে।
6-26
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জেলের গ্রন্থাগার থেকে চুরি করেছি এটা। এতেই আছে ম্যানড্রেককে খতম করার উপায়।
দেখাও আমাকে।
দেখাব। আগে প্রতিশ্রুত ৩০ লক্ষ ডলার হাতে পাই।
অভিযানে নামতে অন্তত আগাম কিছু অর্থ দরকার।
ব্যাপারটা জুয়ার মতো। তবে তাতেই আমি রাজি। মনে হচ্ছে পারবে তুমি।
6-27
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বেশ, এক লক্ষ ডলার আগাম দিলাম। কিন্তু কাজটা হয়েছে জানব কী ভাবে?
কাগজ আর টিভি-র খবরে।
খতম অভিযানে তুমি নামছ কবে?
সোমবার
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
হত্যার প্রস্তুতি



জানাডুতে সকালবেলায়...
ম্যানড্রেক, সব ঠিকঠাক তো?
বিলকুল।
হোজো বলছে, ব্রেক ফাস্ট তৈরি। জলদি এসো।
চট করে স্নানটা সেরে আসি।
তখন কাছেই...
বইপোকা, সব দিকে থেকেই তৈরি আমরা।
যেমন যেমন বলেছি, ঠিক সেটাই করবে তোমরা।
FALK & BARRY
6-30
©2008 by King Features Syndicate, Inc.
World rights reserved.


যাঃ বাবা! জল শেষ হয়ে গেল!
এ কী, রান্নাঘরে জল পড়ছে টিপটিপ করে!
প্যাঁচ পুরোটা ঘুরিয়েও দেখছি সরু হয়ে জল পড়ছে।
এমন একবার হয়েছিল বটে, তবে অনেকদিন আগে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ধুর। শাওয়ারে জল নেই।
রান্নাঘরেও।
7-2
সিঁড়ির তলায় পাম্পটা পরীক্ষা করছে লোথার।
নাঃ। পাম্প তো ঠিকই আছে দেখছি।
জানাড়ুতেও তা হলে এমন কাণ্ড হয়! কী হল কে জানে?
হুম্।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


হুর রে। কল থেকে আবার জল পড়ছে।
বাঁচা গেল।
ও দিকে তখন.
প্রথম দফার কাজ মিটল। অতঃপর কী?
শোনো, আবহাওয়া বার্তায় জানাচ্ছে, তিনদিন প্রচণ্ড বৃষ্টি হবে।
প্রকৃতি আমাদের সহায়। আঘাত হানার সুবর্ণ সুযোগ।
?
7-3
©2008 by King Features Syndicate, Inc.
World rights reserved.
বইপোকার মতলবটা কী?


তিন দিন ধরে প্রবল বৃষ্টি জানাড়ুতে...
তার পর অবশেষে সূর্য উঠল...
বৃষ্টি থামল।
কিন্তু ঘরে যে জল নেই এক ফোঁটাও।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আবার ঝামেলা?
ওঃ, এ আবার কী শুরু হল রে বাবা। বিরক্তিকর।
জলের কোম্পানিকে খবর দিতে হবে।
দরকার নেই। গোপন ক্যামেরায় দেখাচ্ছে, জল সরবরাহ কোম্পানির লোকেরা গেটের বাইরেই।
মনে হচ্ছে কোনও জটিল সমস্যা নয়। ওদের ঠিকঠাক করে দিতে বলো বরং।
অতঃপর
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানাড়ুতে গোপন ক্যামেরায় দেখা গেল প্রধান ফটকে একটা ট্রাক দাঁড়িয়ে...
জানাড়ু
জল সরবরাহ
স্বাভাবিক ভাবে কথা বলবে।
7-7
বলো, তোমাদের দেখতে পাচ্ছি।
আমরা জল সরবরাহ কোম্পানির লোক।
পাইপলাইনে কিছু গোলমাল ধরা পড়েছে। জল পাচ্ছেন কি আপনারা?
বুঝছি অসুবিধা হচ্ছে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


চিন্তা করবেন না। শীঘ্রই তোড়ে জলের বন্যা বইয়ে দেব।
জানাড়ু
আমরা কাজ করছি জানিয়ে রাখলাম আপনাদের। অত ঘাবড়াবেন না। শীঘ্রই জলের ব্যবস্থা কর দিচ্ছি।
কলের মিস্ত্রি, তার আবার বড়বড় কথা। যত্ত সব!
দিনটা ভাল কাটুক।
7-8
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



জানাডুর প্রধান ফটকের কাছাকাছিই তখন...
7-9
কেমন দিলাম বইপোকা?
মন্দ নয়।
তোমরা যেন জল সরবরাহ কোম্পানির লোক, এমন ভাবে কাজ চালিয়ে যাও।
বাবা রে! যেন কবর খুঁড়ছি আমরা।
ধরো ম্যানড্রেকেরই।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



প্রথম দফায় আমরা জানাড়ুর জলটা আটকে সেটা অন্যত্র চালান করে দিয়েছি।
কাজটা ভালই হয়েছে। তবে আমাদের যা করার তাড়াতাড়ি করতে হবে, বুঝলে।
আজ রাতেই আমরা বড় ট্রাকটা নিয়ে ফিরে এসে যা করার করে ফেলব।
!
!
7-10
বইপোকা কী করতে চাইছে?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


এখনও জল এল না। রাতের রান্নাটা করব কী ভাবে?
!
নার্দা এমন ক্ষেত্রে তোমার বুদ্ধিই ভরসা। কিছু একটা পরামর্শ দাও।
দাঁড়াও ভাবছি।
পিৎজা বানালেই হয়।
বলেছিলাম না, নার্দা ঠিক উপায় বাতলে দেবে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


সেই রাত্রে....
তৈরি থাকো কুর্ট। আমি বললেই গাড়িটা থামাবে।
7-12
ম্যানড্রেক যদি জানত, কী ঘটতে যাচ্ছে ।
ম্যানড্রেক যদি জানত, কী ঘটতে যাচ্ছে ।
ওখানে আলো জ্বলছে। তার মানে জল. কোম্পানির লোকেরা কাজ করে যাচ্ছে...
এত রাতেও কাজ করছে। লোকগুলো ফাঁকিবাজ নয় তা হলে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


ভোর হওয়ার কিছুক্ষণ আগে..
বইপোকা, ট্রাক খালি করা হয়ে গিয়েছে।
আর এক দফা মালমাত্র নিয়ে ফের এসো।
ওদের গলা শুকিয়ে কাঠ। এ বার একটু জল ছাড়ো ওদের।
বলেছিলাম না, বইপোকার মনটা বড় নরম।
7-14
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানাডুতে এক অতিথি...
আসুন পুলিশ-প্রধান।
আশা করি সব ঠিকঠাক চলছে তোমাদের?
7-15
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
জল নিয়ে একটা খুচরো ঝামেলা চলছে এখানে।
দেখলাম বটে, গেটের বাইরে কাজ করছে লোকেরা।
লোকগুলো এখনও আছে। বাঃ!


ম্যানড্রেক, সেই বইপোকার কথা কি তোমায় বলেছি কিছু ?
না তো।
জেল থেকে বেরিয়েই কোথায় যে গায়েব হয়ে গেল ও !
আমাদের জলের বিভ্রাট শুরু হওয়ার মুখেই ও মুক্তি পায়।
কে জানে, আবার অপরাধের জগতেইও ফিরে গেল কিনা !
7-16
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.


গলা ছেড়ে গান গাইছে নার্দা। কতকাল পরে।
7-17
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ও গান ধরেছে, তার মানে কলে জল ফিরে এসেছে।
!
অ্যাঁ! লোথার তুমি কিছু বললে বোধ হয় আমাকে?


যাঃ বাবা.
গাছে দিব্যি জল দিচ্ছিলাম। দিতে দিতেই আবার জল চলে গেল। কেউ খেলা করছে নাকি?
আমাকে না বলে জল ফের বন্ধ করলেকেন? ভবিষ্যতে এমন করলে পস্তাবে, বুঝেছ?
7-18
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


ম্যানড্রেক, তুমি মনে মনে কী একটা ভেবে যাচ্ছ। ব্যাপারটা কী?
7-19
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
নার্দা, জল সরবরাহ কোম্পানির ট্রাকটা জানাড়ুর গেটে কখন এল যেন?
?
লুকনো ভিডিও টেপে থাকবে।
অতঃপর


ম্যানড্রেকের মনে একটা সন্দেহ উঁকি দিচ্ছে...
ভিডিও টেপটা আবার দেখতে চাইছ কেন?
তেমন কারণ কিছু নেই। স্রেফ একটা কৌতূহল মেটাতে।
7-21
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওই ছবি বাপু তুমি একাই দ্যাখো। আমি টিভিতে সিনেমা দেখি বরং।
জল সরবরাহ কোম্পানির লোকেরা ট্রাকে চেপে গেটের বাইরে এল...ওটাই খুঁজছি।


টিভি দেখতে গেলে না যে?...ওই যে ট্রাকটা আসছে। বলছে, ওরা কাছেই কাজ করবে।
কিন্তু কারও মুখ বোঝা যাচ্ছে না।
একদম ঠিক বলেছ নার্দা।
ভাবছি, লোকটা কি ইচ্ছা করেই আড়ালে রেখেছিল নিজেকে, নাকি...? ফের দেখি
!
7-22
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তুমি পারোও বটে। ওই এক ছবি আগিয়ে-পিছিয়ে আর কতবার দেখবে?
সিকিউরিটি ক্যামেরার মুশকিল হল, ছবি একই অ্যাঙ্গেলে তোলা। ফলে মুখগুলো বড্ড ছোট আসে।
সম্মোহন শক্তি প্রয়োগ ম্যানড্রেকের...
এই তো, এ বার বড় হয়েছে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


সম্মোহনে বড় হল মুখটা...
তোমার জাদুতে মুখটা বেশ বোঝা যাচ্ছে এ বার।
তবে এ লোকটাকে কখনও দেখেছি বলে তো মনে হচ্ছে না।
নার্দা, এ লোকটাই সম্ভবত 'বইপোকা'। বুঝলে।
!
7·24
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তুমি বলছ এ হল 'বইপোকা'। দীর্ঘদিন জেল খেটে সদ্য মুক্তি পেয়েছে যে?
সম্ভবত।
পুলিশকে ও নাকি বলেছে, আর অপরাধের জগতে কখনও পা দেবে
স্বাভাবিক জীবনে ফিরতে তাই হয়তো জল-কোম্পানিতে কাজে ঢুকেছে।
নিশ্চিত হতে গেলে ওই লোকটাকেই জিজ্ঞাসা করতে হবে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



জানাড়ুতে প্রধান ফটকের বাইরে...
বইপোকা...
!
কে যেন আসছে.....
খোদ ম্যানড্রেক!
দাঁড়াও তোমরা। আমি দেখছি।
©2000 by King Features Syndicate, Inc. World rights reserved.


চমৎকার আবহাওয়া, তাই হাঁটতে বেরিয়েছি একটু। তোমাদের মেরামতি চলছে এখনও?
হ্যাঁ। আসলে পাইপগুলোর হাল বেশ খারাপ। সবই পাল্টানো দরকার।
খিটকেলে কাজ তো, তাই সময় লাগছে।
আচ্ছা, একটা কথা জিজ্ঞাসা করব?
?
সাবধান
7-29
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমাকে ঠিক বইপোকার মতো দেখতে। কথাটা কেউ বলেছে আগে?
বলতেই পারে, কারণ আমি তো সত্যিই বইপোকা। জেলেও তাই বলত সবাই।
মুক্তির পর কারাকর্তাকে বলে এসেছি, অপরাধ জগতে আর পা দেব না আমি।
ম্যানড্রেককে ধোঁকা দিচ্ছে বইপোকা।
ম্যানড্রেক বিশ্বাস করছে কি?
7-30
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই জল সরবরাহ কোম্পানি আমায় কাজ দিয়েছে দয়া করে। আমি কৃতজ্ঞ ওদের কাছে।
7-31
চারদিক থেকে ঘিরে ফ্যালো ম্যানড্রেককে। তারপর আমি সংকেত দিলেই...
এ তো একেবারে সনাতন পদ্ধতি দোস্ত। বইপোকা তো অন্য পদ্ধতিতে কাজ করে শুনেছি...
বড্ড সময় নিচ্ছে বইপোকা। খতমের কাজ ঝটপট সারতে হয়।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিশ্বাস করো ম্যানড্রেক, আমি আর অসৎ পথে ফিরতে চাই না।
পুলিশ-প্রধান জানতে পারলে খুশি হবেন।
দুষ্কৃতীরা ঘিরে ফেলেছে ম্যানড্রেককে...
বইপোকা কী যে করছে এতক্ষণ ধরে
বইপোকা ধুরন্ধর লোক, এমন সুযোগ নিশ্চয়ই হাতছাড়া করবে না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


পুলিশ-প্রধানের সঙ্গে যোগাযোগ রেখো বইপোকা। আমারও শুভেচ্ছা থাকল।
তোমার লোকেরা দাঁড়িয়ে আছে সব। এ বার চলি আমি।
কোনও দিকেই লোক বা গাড়ি কিছু নেই।
সাক্ষী কেউ থাকবে না। সুবর্ণ সুযোগ। তৈরি হও।
!
4-2
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved
ঘাতকেরা তৈরি...


পুলিশ-প্রধানের সঙ্গে যোগাযোগ রেখো বইপোকা। আমারও শুভেচ্ছা থাকল।
তোমার লোকেরা দাঁড়িয়ে আছে সব। এ বার চলি আমি।
কোনও দিকেই লোক বা গাড়ি কিছু নেই।
সাক্ষী কেউ থাকবে না। সুবর্ণ সুযোগ। তৈরি হও।
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved
ঘাতকেরা তৈরি...


বইপোকার শগরেদরা ঘিরে ফেলছে ম্যানড্রেককে...
ম্যানড্রেক নিরস্ত্র কিন্তু ওরা সবাই অস্ত্রধারী...


8-4
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


হঠাৎই ছুটে এল একটা গাড়ি...
চমকে ছিটকে গেল গুন্ডারা...
আরে আমি লোথার।.
আমি কি সবাইকে ভড়কে দিলাম?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কলের মিস্ত্রিদের জন্য কফি আর স্যান্ডুইচ পাঠিয়ে দিয়েছে নার্দা।
দয়াবতী মহিলা। ওঁকে অজস্র ধন্যবাদ।
কাজ তো এখনও অনেক বাকি মনে হচ্ছে। আর বিরক্ত করব না। চলি।
দিনটা ভাল কাটুক।
8-6
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



ব্যাপারটা কী বলো তো ম্যানড্রেক?
জলের পাইপলাইনে কাজের তদারকি করছে বইপোকা।
ও নাকি এ বার সৎ জীবন যাপন করতেই চায়। অন্তত মুখে তাই বলছে।
তোমার মতলবটা কী বইপোকা? ম্যানড্রেককে হাতে পেয়েও ছেড়ে দিলে যে? চাইছ কী?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


কিন্তু ওদের কাজের জায়গায় দেখলাম টায়ারের দাগ। ধুলোয় ভারী গাড়ি আসার চিহ্ন।
গাড়িগুলো ফিরেছে কিন্তু ফাঁকা, সব মাল নামিয়ে।
তার মানে ভারী ভারী মাল নামিয়েছে ওরা। কিন্তু চোখে পড়ল না কেন?
প্রশ্ন সেটাই। সেগুলো রাখলই বা কোথায়?
8-9
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
চক্রান্ত


তাড়াহুড়ো নয়। মাথাটা ঠান্ডা রাখো বাপু।
বইপোকা, ওইদিকে তাকাও একবার।
তখন জানাডুতে...
যাক এসে পড়েছ। জরুরি একটা কথা আছে।
!
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ধোঁয়া!
গরম ধোঁয়া রেরোচ্ছে মাটি থেকে!
তুমি ও লোথার ছিলে না। তখন আমিই ফোন করি জল সরবরাহ কোম্পানিতে।
জানতে চাই, সরবরাহ ঠিকঠাক হতে আর কত সময় লাগবে।
ওরা আকাশ থেকে পড়ল। বলল, ওদের কোম্পানি থেকে এখানে কাউকেই পাঠানো হয়নি মেরামতির কাজে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমার সন্দেহ হচ্ছিল, ওরা জাল কর্মী।
8-13
কিন্তু বইপোকা আমাদের পাইপলাইন নিয়ে এই খেলাটা খেলল কেন?
প্রতিশোধটা ও ঘুরপথে নিতে চায় বলেই এই ছুতো।
অর্থাৎ পাইপ সারানোর ছলে গভীর কোনও ষড়যন্ত্র আছে বইপোকার।
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তুমি বরং পুলিশকে খবর দাও।
এখনই নয় নার্দা।
বইপোকা আসলে কী সর্বনাশ ঘটাতে চায় সেটা জানতে হবে।
8-14
অন্ধকার ঘনালে আবার ওখানে যেতে হবে লোথার।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


চলো লোথার। এত শীঘ্র আমরা আবার হাজির হব ও আঁচ করেনি।
বড্ড ভয় করছে আমার
তুমি এখানেই থাকো নার্দা। জানাড়ু বিশ্বের সব থেকে নিরাপদ স্থান।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


প্রধান ফটকের সামনে...
একটু আড়ালে থাকো লোথার।
8-16
কাজের জায়গাটায় আলো জ্বলছে।
একটা বিশাল ট্রাক দাঁড়িয়ে।
কিন্তু বইপোকা বা ওর চেলাদের তো দেখছি না। গেল কোথায় সব?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


অন্ধকারে ঘাপটি মেরে ম্যানড্রেক ও লোথার...
লোথার, এই বিশাল ট্রাকটারই ভারী চাকার দাগ দেখেছিলে তুমি।
FALK & FREDERICKS 8-18
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
কিন্তু এখানে ওটা এনেছে কেন?
সেটাই দেখতে হবে।
খেয়াল করেছ, যত এগোচ্ছি, গরম তত বাড়ছে!



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


এত শীঘ্র ফিরে এলে যে?
এত শীঘ্র ফিরে এলে যে?
তোমার প্রশ্নের উত্তর এটা।
8-20
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমরা সাদা মনে খালি হাতে এসেছি বইপোকা।
তাই নাকি? পুলিশ কিন্তু একবার ঢুঁ দিয়ে গিয়েছে।
আবার রোঁদে আসবে ঘণ্টাখানেক পরে।
তবে সে আধ ঘণ্টার আগে নয়...
ততক্ষণ আমার কাজটা সেরে নিই। তোমার উপরে তিরিশ লক্ষ ডলার বাজি ধরা আছে, বুঝলে!
!
8-21
©2008 by King Features Syndicate, Inc.
World rights reserved.
JHAKGRANDEVIL


ধোঁয়া উঠছে।
এ জন্যই এত গরম এখানে।
তোমার নকল কলমিস্ত্রিরা মাটির তলায় খুঁড়তে গিয়ে কিছু বিভ্রাট ঘটিয়েছে নির্ঘাত।
ওটা ইচ্ছাকৃত ব্যাপার।
বুঝেছি, ওই জন্যই কিছুক্ষণের জন্য মাটি কেঁপে উঠেছিল। তাই না?
?!
8-22
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.


বইপোকা, জানাড়ু ঘিরে এ সব অদ্ভুত কাণ্ড ঘটাতে গেলে কেন তুমি?
ধীরে জাদুকর বন্ধু। কিছু পরে নিজেই সব জানতে পারবে।
ও দিকে জানাড়ুতে...
আরে !ভূমিকম্প নাকি? কিন্তু তা কী করে হবে? অসম্ভব!
8-28
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
হচ্ছেটা কী?



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



8-26
এখানে মাটিটা ভিজে ভিজে। কিন্তু কেন?
কারণ ওই ট্রাকটা।
ঠিক ধরেছ। ওই ট্রাকটা বারে বারে জল এনেছে তো। তাই ছলকে পড়ে...
কিন্তু জল কেন?
আরে আমাদের কার্যোদ্ধারে জলের ভূমিকাটাই যে প্রধান। হেঃ হেঃ।
কী বোঝাতে চায় বইপোকা?
by King Features Syndicate, Inc. World rights reserved.


আরও ধোঁয়া বেরোচ্ছে, মাটিও কাঁপছে।
FALK & FREDERICKS 8-27
দুটোই আরও বাড়বে। নিজেই দ্যাখো ম্যানড্রেক।
শেষ অবধি তোমার জানাড়ুর মাথাটাই ভেঙে পড়বে। কোনও জাদুই ঠেকাতে পারবে না সেই কাণ্ড।
কী বলছে বইপোকা?
Features Syndicate, Inc. World rights reserved.


জেলের লাইব্রেরিতে এই বইটা থেকেই জানাড়ু ধ্বংসের উপায়টা পাই।
জানাড়ু, তুমি— সব ধ্বংস হয়ে যাবে।
বিশ্বাস করি না তোমার কথা।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved
8-28


জানাডুর পাইপলাইনে গোলমাল ঘটিয়ে জলটা ঠেলে দিই মাটির গর্ভে...
সেই সঙ্গে ভূমিগর্ভে ঢুকেছে টানা বৃষ্টির জলও। আরও জল আনি...
...ওই ট্রাকে করে। সব জলই মাটির তলায় ঢুকিয়েছি।
এ বার বুঝেছি তোমার শয়তানিটা।
8-29
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


লোথার নিশ্চয়ই ভাবছে আমি জাদুশক্তি খাটাচ্ছি না কেন?
কিন্তু আগে বইপোকার মতলবটা বোঝা দরকার...
ও যা বলছে, তা হলে নার্দা বিপদে পড়বে।
8-30
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved
অতঃপর কী?



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জেল লাইব্রেরিতে এক কোণে পড়ে ছিল এই বইটা। ১৮৯০ সালে প্রকাশিত।
9-2
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
এতে বলছে, এই অঞ্চলে সুপ্ত আগ্নেয়গিরি ছিল এককালে।
তোমার সাধের জানাডু নির্মিত এমনই এক সুপ্ত আগ্নেয়গিরির মাথায়।



এর মৃত্তিকাগর্ভে এখনও রয়েছে তপ্ত লাভা। আর তার কাছেই...
বইছে একটা জলধারা। বই বলছে, ওই স্রোত লাভার উপরে ফেললে ঘুম ভাঙবে জ্বালামুখের
আর তাই, পাম্প করে দুনিয়ার জল মাটিতে ঢোকাচ্ছ তুমি।
ম্যানড্রেক, ওর কথাটা সত্য হতেও পারে।
FALK & FREDERICKS
9-3
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কী করতে চলেছ তুমি?
নার্দা আর হোজোকে বেরিয়ে আসতে বলব।
সেলফোন খুব কাজের জিনিস। তবে এখন ফোন করা চলবে না তোমার।
!
গুড়ুম!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
9-4


বইপোকার গুলি গুঁড়িয়ে দিল ম্যানড্রেকের সেলফোন...
ওদের সতর্ক করতে দিলে না আমাকে!
FALK & FREDERICKS 9-5
বেশ তো, দৌড়ে গিয়ে খবর দাও।
সময়ে পৌঁছতে পারলে ওরা বেঁচে যেতেও পারে।
বইপোকা আসলে চাইছে বিস্ফোরণ ঘটার সময় ম্যানড্রেকও জানাডুতে থাক এবং মরুক।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জলদি যাও ম্যানড্রেক।
হাঃ!
হাঃ!
লোথার তুমি এদের সামলাও।
সানন্দে।
কিন্তু জানাডুর শীর্ষদেশ অনেকটা রাস্তা। নার্দা-হোজোকে বাঁচাতে ম্যানড্রেক সময়মতো পৌঁছতে পারবে তো?
অতঃপর
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


বইপোকার কথা যদি সত্য হয়, তা হলে সুপ্ত আগ্নেয়গিরি জেগে উঠে শীঘ্রই ধ্বংস করে দেবে জানাড়ু...
লোথার লড়ছে বইপোকার চেলাদের সঙ্গে...
আর ম্যানড্রেক প্রাণপণে দৌড়চ্ছে হোজো ও নার্দার প্রাণ বাঁচাতে...
সময় কতটা পাব? আর কয়েক সেকেন্ড নাকি মিনিট?
9-8
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


থামো। আমাদের লড়াই ম্যানড্রেকের সঙ্গে, তোমার সঙ্গে নয়।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
মচাং
9-9


যাক, প্রধান ফটকের মুখে সিকিউরিটি ক্যামেরাটা চালু আছে এখনও।
জানাড়ু
নার্দা, তোমরা এক্ষুনি বেরিয়ে এসো।
জানাড়ু
সাড়া নেই! শুনতে পেল, নাকি পায়নি?
FALK & BARROCS 9-10
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


শুধুমুধু মার খেল লোকটা।
ওর চিন্তা ছাড়ো। ঝটপট কাটতে হবে আমাদের।
আগ্নেয়গিরি থেকে লাভা একবার বেরোতে থাকলে পালাতে পথ পাবে না।
থামো। আগে দেখতে চাই অগ্ন্যুৎপাতে ম্যানড্রেক মরল কিনা।
ওকে খতমের পরিকল্পনা কতটা সফল হল নিজের চোখে দেখব।
!
9-11
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মাটি থরথর করে কাঁপছে, সঙ্গে বিকট শব্দ!
বুম্
দৌড়ে গিয়েও নার্দাকে বাঁচাতে পারব কিনা জানি না।
জেলের-গ্রন্থাগারে দশ হাজার বইয়ের মধ্যে বইপোকা কী করে খুঁজে পেল প্রলয় ঘটানোর উপায়টা!
গুড়গুড়
9-12
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


9-13
ধরিত্রী দুলছে। এ তো অগ্ন্যুৎপাতের পূর্ব লক্ষণ...
গুড়গুড়!
গুড়গুড়!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
এ কী? প্রলয় শুরু হয়ে গেল?
বুম্
কী ঘটল?



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মনুষ্যসৃষ্ট অগ্ন্যুৎপাতে আমার সাধের জানাড়ু এ ভাবেশেষ হয়ে যাবে!
পাথর আর লাভাস্রোত গড়াবে এ বার। মাথায় পড়লেই শেষ।
কিন্তু লাভাস্রোত নামছে না তো?
9-16
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


পেরেছি আমি। বিস্ফোরণের শব্দ শুনেছ তো। জানাড়ু এখন ইতিহাস।
কিন্তু গরম লাভার স্রোত নামছে না তো!
কোথায় কী? তিরিশ লক্ষ ডলার কিন্তু এমনি এমনি পাবে না বইপোকা।
9-17
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.


তা কেন? বিস্ফোরণের শব্দ তোমরা সবাই শুনেছ।
শব্দটব্দ বুঝি না। ধ্বংসের প্রত্যক্ষ প্রমাণ চাই।
আলো ফোটা পর্যন্ত অপেক্ষা করা যাবে না। ওখানে গিয়ে পরখ করে দেখা যাক।
9-18
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



মাটিও কাঁপছে না, উষ্ণ বাষ্পও কুণ্ডলী পাকিয়ে উঠছে না!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ম্যানড্রেক যে মৃত তা প্রমাণ করতেই হবে। না হলে টাকাটাই মিলবে না। চলো।
লোথারের কী হল?
এখনও অজ্ঞান। ওর কিছু করার ক্ষমতাই নেই।
9-19


সব কেমন নিথর। মাটিও কাঁপছে না, গুড়গুড় শব্দটাও নেই।
9-20
নার্দারা মরল না বাঁচল জানি না।
ম্যানড্রেক!
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


জানাডুতে ওঠার মোটরপথে বিধ্বস্ত ম্যানড্রেক...
জানাডু-নার্দা-হোজো—সব শেষ।
ম্যানড্রেক !
কার গলা !
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দা তুমি!
তুমি বেঁচে আছ। এ যে অবিশ্বাস্য!
গুড়গুড় আওয়াজ হতেই হোজোকে ডাকি। ততক্ষণে মাটি কাঁপতে শুরু করেছে।
তখনই হোজো কোথায় চলে গেল বুঝলাম না।
9-23
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


হোজো আমাকে বলল ফটকের দিকে এগোতে।
আর ও বাক্সটা নিয়ে ছুটল উল্টো পথে।
!
তারপর ওকে আর দেখিনি। একটু পরেই পেলাম বিস্ফোরণের শব্দ।
9-25
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফটকের দিকে হাঁটছি, মনে হল কার যেন পায়ের শব্দ...বাঁক ঘুরেই দেখি তুমি।
অগ্ন্যুৎপাত হলেও তা বোধহয় খুবই ক্ষণস্থায়ী হয়েছে।
গুড়গুড় শব্দ ছাড়া আর কোনও লক্ষণ নেই।
ম্যানড্রেক, আমাদের ঘরদোর কি আছে,না ধ্বংস হয়ে গেল?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানাড়ুর মেটিরপথ ধরে হোজোর সন্ধানে নীচে চলেছে ম্যানড্রেক ও নার্দা...
তখন উপরে উঠছে বইপোকারা...
আর কিছু পরে এ পথেই ম্যানড্রেকের দেখা পাব মনে হচ্ছে।
অগ্ন্যুৎপাতে ও যদি না টেঁসে গিয়ে থাকে ইতিমধ্যেই।
9-29
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানাড়ু আদতে সুপ্ত আগ্নেয়শিখর, এখনও বিশ্বাস হচ্ছে না?
বইপোকাই বা কী করে তার ঘুম ভাঙাল, আশ্চর্য!
এখনও ঠিক বুঝে উঠতে পারছি না।
সাবধান!
ম্যানড্রেক, কাদের গলা পাচ্ছি, তলা থেকে উঠে আসছে।
9-30
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওই কণ্ঠস্বর বইপোকা ও তার দলবলের। ওরা উঠছে।
লুকোনোর স্থান নেই।
মহা বিপদ! কী করবে তুমি?
ভরসা চাঁদের আলো। সম্মোহনশক্তি যদি কাজ করে।
10-1
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


চড়াই ভাঙতে ভাঙতে হাঁফ ধরে গেল। আর কতটা উঠতে হবে, স্বর্গ পর্যন্ত?
বাজে কথা বন্ধ রেখে উঠতে থাকো। হয়তো পরের বাঁকেই পেয়ে যাব ম্যানড্রেক
আবার দেখা হল বইপোকা।
আমি তো বলেইছিলাম।
10-2
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


অনেক উঁচু থেকে ঝাঁপ দিল ম্যানড্রেক...
FALK & FREDERICKS 11-3
সোজা গিয়ে নামল বইপোকার সামনে...
কিন্তু বইপোকার হাতে উদ্যত রিভলবার...
আমাকে আর কিছুতেই আটকাতে পারবে না ম্যানড্রেক।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বইপোকারা ভাবছে, সত্যই লাভা-স্রোত নেমে এল...
10-11
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওরা ভাবছে, সত্যই এটা গলন্ত লাভা-স্রোত।
ভাবতে দাও।
চাঁদের আলো যতক্ষণ থাকে, ততক্ষণই ভরসা।
কিন্তু কালো মেঘ চাঁদকে ঢাকতে উদ্যত...
অতঃপর




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কালো মেঘ ঢেকে ফেলছে চাঁদকে...
জ্যোৎস্না কমতেই কল্প লাভাস্রোত মিলিয়ে যাচ্ছে...
আরে! লাভা কোথায়?
বুঝেছি, আমরা ম্যানড্রেকের মায়াজালে ভুলভাল দেখছিলাম।
!
!
10-7
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


ম্যানড্রেকের মায়াজালের ফাঁদে পড়ে সবাই ভেবেছি লাভাস্রোত নামছে। ছ্যা ছ্যা!
10-8
কিন্তু আর ঠকাতে দেব না ম্যানড্রেককে।
ফের সম্মোহন করা দরকার।
কিন্তু পারবে কি? চাঁদ যে মেঘে ঢাকা!
©2007 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক, তোমায় না মারলে টাকাটা আমি পাব না। কাজেই তিন গোনার...
...পরই হেঃ হেঃ। তৈরি হও। এক...দুই...
ফের সম্মোহন করল ম্যানড্রেক...
আরে! গেল কোথায়!
FALK & FREDERICKS 10-9
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



মায়াজালে অদৃশ্যবর্মে নিজেদের ঢেকে ফেলল ম্যানড্রেক ও নার্দা...
?
?
চাঁদের আলোটা যেন কিছুক্ষণ থাকে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
আবার মেঘ ছুটে আসছে।
এ বার কী করব আমরা?
দৌড়ে উপরে উঠতে হবে নার্দা।
ওরাও আসছে পিছনে।


কোথায় যেন পড়েছি যে ম্যানড্রেক অদৃশ্য হয়ে যেতে পারে।
বাস্তবে সেটাই তো দেখছি।
ছাড়ো তো। প্রত্যেকে তৈরি হও।
দৃশ্য বা অদৃশ্য-- কোনও অবস্থাতেই ওদের পালাতে দেব না আমরা। হুঁশিয়ার।
10-11
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


সম্মোহনের মায়াজালে অদৃশ্য ম্যানড্রেক ও নার্দা জানাডুর মোটরপথের বাঁকে...
বইপোকারা সদলে ঠিক আমাদের পিছনে পিছনে।
আর দৌড়তে পারছি না ম্যানড্রেক।
তোমাদের অস্ত্র তৈরি রাখো। এই চড়াই পথেই যে করে হোক পাকড়াতে হবে ওদের। উঠতে থাকো সবাই।
10-13
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


সম্মোহনের মায়াজালে অদৃশ্য ম্যানড্রেক ও নার্দা জানাড়ুর মোটরপথের বাঁকে...
বইপোকারা সদলে ঠিক আমাদের পিছনে পিছনে।
আর দৌড়তে পারছি না ম্যানড্রেক।
তোমাদের অস্ত্র তৈরি রাখো। এই চড়াই পথেই যে করে হোক পাকড়াতে হবে ওদের। উঠতে থাকো সবাই।
10-13
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


বইপোকার দল কাছাকাছি এসে পড়েছে।
ওরা যেন ধরতে না পারে আমাদের।
10-14
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
আরও জোরে দৌড়নোর চেষ্টা তো করছি, কিন্তু...
হঠাৎই হোঁচট খেল নার্দা...


নার্দা, চোট লেগেছে তোমার?
গোড়ালিটা মচকে গিয়েছে আমার, উঃ!
10-15
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
চাঁদের আলোটা চলে গেলেই সর্বনাশ। আর অদৃশ্য হয়ে থাকা যাবে না তখন।
তখন তা হলে বাঁচার কী উপায় হবে আমাদের?
উত্তর জানি না।


ম্যানড্রেক, ওরা উঠে আসছে। ওদের পায়ের শব্দ পাচ্ছি। খুব কাছে এসে পড়েছে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
পাহাড়ের গা ঘেঁষে থাকো। ওরা বেরিয়ে যাক।
দু'জনে এখনও অদৃশ্য। তবে কতক্ষণ?
দৃশ্য বা অদৃশ্য—যে ভাবেই ওরা থাক, কাছাকাছিই আছে নির্ঘাত। আর পালাতে দেব না ওদের। সতর্ক থাকো সবাই।
10-16


ওরা আসছে ম্যানড্রেক।
কোনও শব্দ কোর না।
ম্যানড্রেক-নার্দার খোঁজে সদলে বইপোকারা...
আরে! অদৃশ্য কার পায়ে যেন ঠেকল আমার পা-টা। এই—সবাই দাঁড়িয়ে যাও।
টের পেয়েছি, ওরা এখানে।
FALK & FREDERICKS 10-17
©2004 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই জায়গাটা গোল করে ঘিরে দাঁড়িয়ে যাও সবাই। পালাতে না পারে।
10-18
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.
ম্যানড্রেক, তোমার যাবতীয় কেরামতি শেষ। আর রেহাই পাবে না।
তোমাদের কেউ বাঁচাতে পারবে না।
অতঃপর


‘অদৃশ্য’ ম্যানড্রেক ও নার্দাকে খুঁজে বেড়াচ্ছে বইপোকা আর তার দলবল...
এ তো আচ্ছা ক্যাচাং শুরু। দেখতে না পেলে ওদের খুঁজব কোথায়?
ফের কালো মেঘ এসে ঢেকে দিল চাঁদকে। অন্ধকারে কাজ করে না সম্মোহনের জাদু। ফলে ‘অদৃশ্য’ আর থাকা গেল না ম্যানড্রেক-নার্দার...
আরে ওই তো ওরা! পাকড়াও!
10-20
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক, আমি জানতাম অন্ধকারে অকেজো তোমার মায়াজাল।
এটা কি কোনও বইয়ে পড়েছ?
না, এটা নিজের জ্ঞানেই বুঝেছি।
গুরু, তবে আর দেরি কেন?
©2008 by King Features Syndicate, Inc.
World rights reserved.
FALK & FREDERICKS
10-21
দাঁড়াও একটু। কেউ যেন আসছে!
ধুর। এই রাতে কে আবার আসবে! চারদিক নিস্তব্ধ।


ম্যানড্রেক, ভেবেছিলাম অগ্ন্যুৎপাতেই তোমার মৃত্যু ঘটবে। তা যখন হয়নি, গুলিতেই মরতে হবে তোমাকে।
দোহাই, নার্দাকে মেরো না।
উঁহু, সাক্ষী কেউ থাকবে না।
FALK & FREDERICKS 10-22
দাঁড়াও বইপোকা। পথ ধরে কেউ আসছে। পায়ের শব্দ পাচ্ছি।
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


পায়ের শব্দ? আমি তো পাচ্ছি না!
আমি কিন্তু শুনেছি বইপোকা।
বেশ, পরখ করা যাক। স্লিক ওই বাঁকটা দেখে আসুক।
10-23
সাবধান স্লিক। গভীর রাতে জানাড়ুর এই পাহাড়ি পথের বাঁকে বিচিত্র সব কাণ্ড ঘটে কিন্তু।
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


স্লিক, কিছু দেখতে পেলে?
10-24
উত্তর নেই!
আল একটু এগিয়ে দ্যাখো তো। স্লিক বোধহয় নীচের দিকে গেল।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
কয়েক মিনিট পরে...
স্লিক, আল—কেউই ফিরছে না। হলটা কী ওদের?
?
কে জানে বাবা। ভুতুড়ে ব্যাপার!


আল ফিরে আসছে...
10-25
আল, স্লিকের কী হল বলো তো?
এটা হয়েছে!
লৌহমুষ্টি


আচম্বিতে আক্রান্ত বইপোকার স্যাঙাৎ...
সাবাশ লোথার!
ঠিক সময়ে লোথার হাজির।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
নার্দা, ওদের রিভলবারগুলো...
...
কুড়িয়ে নিয়ে খাদে ফেলে দাও।
সানন্দে।



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



আমি ভেবেছিলাম তুমি অজ্ঞান হয়ে পড়ে আছ...
উফ্!
আমাকে পিছন থেকে বাড়ি মেরেছিল যে, সে-ব্যাটা কোথায়!
তাকে কি আর আলাদা করে চিনতে পারবে? না পেলে কী করবে?
সব ক'টাকেই পেটাব। ছাড়ানছোড়ন নেই।
FALK & BARREIROS
10-28
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কী দল আমাদের! জাদু কাজ না করলে আছে লোথারের ঘুষি।
10-29
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.
তোমাদের বিপদ আন্দাজ করেই আমি ব্যাটাদের পিছু নিয়েছিলাম।
হোজোকে দেখেছ তুমি?
দ্যাখো হোজোও হয়তো এসে পড়বে।
না!



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


দৌড়ে পালানোর চেষ্টায় বইপোকা.
সামনের ফটকে পৌঁছে গেলে তারপর আমায় ধরে কে!
10-31
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
পিছনে ধাওয়া করেছে ম্যানড্রেক...
পালাতে পারবে না বইপোকা!


ম্যানড্রেকের কান ঘেঁষে বেরিয়ে গেল গুলি...
যতই গুলি চালাও
তোমাকে পালাতে দেব না কিছুতেই!
ঝাঁপ
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


অনেক উঁচু থেকে ঝাঁপ দিল ম্যানড্রেক...
সোজা গিয়ে নামল বইপোকার সামনে...
কিন্তু বইপোকার হাতে উদ্যত রিভলবার...
আমাকে আর কিছুতেই আটকাতে পারবে না ম্যানড্রেক।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ট্রিগার টিপলেই তুমি খতম আর আমি ক্রোড়পতি।
চাঁদ আবার মেঘমুক্ত। সম্মোহন করার সুযোগ আবার পেয়েছি।
ফের সম্মোহন প্রয়োগ ম্যানড্রেকের...
এ কী! তোমার হাতে শেষে জলের রিভলবার?
নিজেই দ্যাখো, গলে গলে পড়ছে!
!!
11-4
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



সম্মোহনে বিভ্রান্ত বইপোকা ভাবছে তার রিভলভার গলে জল হয়ে গিয়েছে...
যাঃ বাবা! এ তো জল হয়ে ঝরছে!
11-5
এমন অস্ত্র দিয়ে কী করবে তুমি?
বুঝেছি, এ তোমার নতুন ভড়কিবাজি।
!
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.


জাদুশক্তির সঙ্গে লড়াই অসম্ভব। ভেঙে পড়ি।
ফের সম্মোহন ম্যানড্রেকের...
প্রধান ফটকের মুখ আটকে ওটা আবার কী?
বুঝতে পারছ না ওটা কী জিনিস। ওটা বিশাল একটা বই।
11-6
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বইটা হল 'শতবর্ষের অপরাধীদের কালপঞ্জি'। জেলের লাইব্রেরিতে নিশ্চয়ই এর পাতা উল্টেছ।
এখানে রাস্তা আটকে সেই বই!
ম্যানড্রেকের মায়াজাল...
এই বইয়ে তোমার কীর্তিকলাপও ঠাই পেয়েছে। খুব ভারী বই।
উফ্!
11-7
JHARGRAMDEV
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



বাবা রে! বই চাপা পড়ে মরে যাচ্ছি যে।
কেমন লাগছে এখন বইপোকা?
আত্মসমর্পণ করছি। বাঁচাও আমায়।
ম্যানড্রেক সম্মোহন প্রত্যাহার করতেই বইপোকা মুঠো করে ধুলো ছুড়ল ম্যানড্রেকের চোখে...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


আত্মসমর্পণের ভান করে বইপোকা চকিতে ধুলো ছুড়ে মারল ম্যানড্রেকের চোখে...
FALK & FREDERICKS 11-10
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অনেক জ্বালিয়েছ জাদুকর। এখন সম্মোহন করো তো দেখি!
এ বার চটপট বিভলভারটা উদ্ধার করতে হবে।


ম্যানড্রেক যখন চোখ থেকে ধুলো বের করার চেষ্টায় ব্যস্ত,
তখন বইপোকা খুঁজে বেড়াচ্ছে তার অস্ত্র।
আরে! ওই তো পড়ে!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


রিভলভারটা কুড়িয়ে নিই...
তার পর এটা দিয়েই মারব ম্যানড্রেককে।
এ বার বাধা দেওয়ার আর কেউ নেই।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


চোখ রগড়াচ্ছে ম্যানড্রেক, বেশ জ্বালা করছে।
বইপোকা অস্ত্র কুড়োতে নিচু হল। কিন্তু...
!
11-13
by King Features Syndicate, Inc. World rights reserved.



কে তুমি? পা ওঠাও বলছি।
সামনে এসো। যত্ত ঝামেলা সব!
কে তুমি চাঁদু?
অধমের নাম হোজো।
11-14
THARGRANDEVIL
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমার সঙ্গে ঝামেলা পাকাতে এসো না বাপু।
আমি ব্ল্যাক বেল্টধারী। জুডোর সব বই আমার পড়া, বুঝলে।
11-15
!
অধিকাংশ আমারই লেখা।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


আমার সঙ্গে ঝামেলা পাকাতে এসো না বাপু।
আমি ব্ল্যাক বেল্টধারী। জুডোর সব বই আমার পড়া, বুঝলে।
11-15
অধিকাংশ আমারই লেখা।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর




চোখের ধুলো ঝেড়ে ফেলেছে ম্যানড্রেক...
হোজো, তোমায় দেখে কী ভালই লাগছে।
FALK & FREDERICKS
11-17
King Features Syndicate, Inc. World rights reserved.
বইপোকাকে আমিই সামাল দিচ্ছি। তুমি নিশ্চিন্ত থাকো।
ঘুচিয়ে দিচ্ছি নিশ্চিন্ত থাকা।




সাবধান হোজো। লোকটা অতি ধূর্ত।
© 2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
সে আমিও।
FALK & FREDERICKS 11-18
গাড়ির আলো! নির্ঘাত পুলিশের গাড়ি টহলে বেরিয়েছে।



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


হোজো আর বইপোকায় তুমুল লড়াই...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
জাদুকর বেঁচে। তাই বইপোকাকে বাকি টাকাটা আর দিতে হবে না আমাকে।
ওকে আমরাই পিষে মারব।
11-20



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মাফিয়া নেতা কিউ-বলের গাড়ি ম্যানড্রেককে পিষতে উদ্যত...
এ তবে কার গাড়ি!
সম্মোহনের চেষ্টা ম্যানড্রেকের, কাজ হবে তো?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর



তীব্র গতিতে আসছে কিউ-বলের গাড়ি...
বাগে পেয়েছি ওকে।
সম্মোহন করল ম্যানড্রেক....
আরে, সামনে পাঁচিল এল কোথা থেকে?
সাবধান, ধাক্কা লাগবে!
!
11-24
by King Features Syndicate, Inc. World rights reserved.



ম্যানড্রেকের সম্মোহন...
পাঁচিল। তার ওধারে ম্যানড্রেক। যাচ্চলে!
ক্র্যাঁ-অ্যা -চ
11-25
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
পিছনে ঘোরাও।
চাকাই নড়ছে না
ড্রাইভার, জেনে রাখো, এটা পার্কিং জোন নয়।
!


গাড়ি সরাতে আমিও হাত লাগাচ্ছি। তার আগে একটা টিকিট দেব।
টিকিট? কীসের?
সার্কাসের টিকিট। যেখানে কাজ করি আমি।
FALK & BARROS 11-26
বাবা রে বড্ড ভারী।
বরং আমার খুড়োকে ডেকে আনি।
আমার খুড়োকে চেনো তো? যে এম্পায়ার স্টেট বিল্ডিংয়ের মাথায় চড়েছিল। কিংকং সিনেমাটা দ্যাখোনি তুমি?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


খুড়ো গোরিলাকে ডাকতে যাচ্ছ?।
?
হ্যাঁ। নড়বে না তোমরা।
খুড়ো আমার বেজায় রাগী আগেই বলে দিলাম।
যদি আমার কথামতো চলো, গোরিলাকে ঠেকাতে পারি আমি।
যা বলবে তাই শুনব ম্যানড্রেক।
11-27
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কথা দাও, গাড়িতেই থাকবে, পালাবে না।
কথা দিচ্ছি। আমাদের কি বিশ্বাস করছ না তুমি?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
ফের সম্মোহন ম্যানড্রেকের...
তোমরা কি আর বিশ্বাস করার মতো লোক।যাক, বাইরে থেকে চাবি দিলাম।
ঠিক আছে। শুধু দেখো, গোরিলাটা ফের না আসে।
ক্লিক
ক্লিক
11-28


বইপোকা আর হোজোর লড়াইটা এখনও শেষ হয়নি ?
হোজোকে অবশ্য কেউ হারাতে পারেনি আজ পর্যন্ত।
11-29
অ্যাঁ, বইপোকা !
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওই যে নার্দা-লোথার আসছে ওদের বন্দি করে।
12-3
হোজো সব ঠিকঠাক?
বিলকুল। তবে রাতটা যা গেল!
আগে বলো, আমাদের বাড়িটা কি রক্ষা পেয়েছে অগ্ন্যুৎপাত থেকে?
সে কথাই তো বলছি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



জানাডুতে শেষ তোমায় দেখেছিলাম হাতে কী একটা বাক্স নিয়ে বেরিয়ে যেতে।
12-4
হ্যাঁ। ওতেই ছিল অগ্ন্যুৎপাত ঠেকানোর ওষুধ, ডিনামাইট।
উপায়টা তুমি জানলে কী করে?
যে বই তুমি পড়েছ, সেটা পড়েই জেনেছি।
King Features Syndicate, Inc. World rights reserved.


হতেই পারে না। যে বই আমি পড়েছি সেটা তোমার হাতে যাবে কী করে? অসম্ভব।
জীবনে কিছুই অসম্ভব নয় বইপোকা।
জানাডুর নিচে জল ঢুকিয়ে তুমি অগ্ন্যুৎপাত ঘটাবে ভেবেছিলে। আমি ছোট বিস্ফোরণ ঘটিয়ে লাভাস্রোতটা ঘুরিয়ে দিই।
গুড়ুম
আওয়াজটা হয়েছিল ডিনামাইট চার্জের, অগ্ন্যুৎপাতের নয়, বুঝলে হাঁদা।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


হোজো যে কত রকমের খিটকেলে বই খুঁজে খুঁজে পড়েছে। ওই বাঁচাল আমাদের।
আমিই তো প্রকৃত বইপ্রেমী, ওই পোকাটা নয়।
কিন্তু জানাড়ুর বাড়িটার কী অবস্থা খুলে বলো হোজো।
জানাড়ুর বাড়ি অক্ষতই
অতঃপর
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানাডুর প্রধান ফটকে পুলিশ দলের অপেক্ষায়...
হোজো একটু খুলে বলো না কী হয়েছিল?
ছোট বিস্ফোরণ ঘটিয়ে জানাডুকে বড় বিপদ থেকে বাঁচিয়ে দিলাম।
ভূমিকম্পে কয়েকটা কাপ-ডিশ ভাঙা ছাড়া জানাডুতে বড় ক্ষতি কিছু হয়নি।
বাড়িটার গায়ে আঁচড়ও পড়েনি।
12-8
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


পরদিন পুলিশ-দফতরে...
তা হলে বইপোকা, সুপ্ত আগ্নেয়গিরিকে জাগ্রত করার চেষ্টা করেছিলে তুমি?
কপাল খারাপ। টাকাটাও ফস্কে গেল।
কিউ-বল ফাঁস করে দিয়েছে যে তোমার ফন্দি ছিল আসলে ম্যানড্রেককে মেরে ফেলা। কিন্তু পারোনি।
!!
12-9
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বইপোকা, ম্যানড্রেককে মারতে এত কাণ্ড করলে কেন?
ব্যাপারটা বেশ নাটকীয় হত, তাই।
একটা গুলি খরচ করলেই হয়ে যেত।
আমি রক্তপাত পছন্দ করি না যে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


অপরাধ স্বীকার করে নেবে তো তুমি?
তোমার সঙ্গীরা রাজসাক্ষী হয়ে যাচ্ছে কিন্তু।
ভয় দেখাবেন না।
!!
বরং পুলিশি নিষ্ঠুরতার জন্য ম্যানড্রেককে গ্রেফতার করুন আপনারা।
12-11
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক তো আর পুলিশ নয়। ওই অভিযোগ টিকবে না।
তবে জাদুকরের নিষ্ঠুরতার দায়ে?
সে অভিযোগও দাঁড়াবে না। হোকাস-পোকাস গিলি গিলি নিষ্ঠুরতা নয়।
বরং না বলে লাইব্রেরির বই চুরি করাটা দণ্ডণীয় অপরাধ।
ওকে ধরো।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানাডুতে সকালবেলায় ..
এ বার সত্যিকারের কলের মিস্ত্রি ডাকতে হবে। বইপোকারা কী যে সব করে গিয়েছে।
সে ব্যাটা এখন কী যে করছে?
কয়েক মাস পরে...
এসো বইপোকা। আবার অনেক বই এসেছে।
কারা গ্রন্থাগার
এই বইটা হল, "জেল ভাঙার রোমাঞ্চকর কাহিনি।
দিন। পড়ে দেখি কেমন লিখেছে।
12-13
39012
এরপর নতুন কাহিনি
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.